প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠনের নিকট প্রকল্প প্রস্তাবনা আহ্বানের বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিজনেস এন্ড ডিসএবিলিটি নেটওয়ার্ক (বিবিডিএন) আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) এর সহযোগিতায় "বিল্ডিং জেন্ডার রেস্পন্সিভ এন্ড ইনক্লুসিভ টিভেট সিস্টেম ইন বাংলাদেশ ফর ক্রিয়েটিং ইনক্লুসিভ ইমপ্লয়মেন্ট অপরচুনিটিস ফর পার্সন্স উইথ ডিসএবিলিটিস (প্রোগ্রেস)" শিরোনামে প্রকল্প বাস্তবায়ন করছে। প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের জন্য আগ্রহী প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠন এর কাছ থেকে প্রকল্প প্রস্তাবনা আহ্বান করা হয়েছে।

অনুচ্ছেদ ক: প্রকল্পের পটভূমি, উদ্দেশ্য, সময়কাল, প্রকল্প এলাকা, প্রস্তাবিত কার্যক্রম ও প্রকল্প বাস্তবায়নে ওপিডির অবশ্য করণীয় সম্পর্কে তথ্য রয়েছে।

অনুচ্ছেদ খ: আগ্রহী প্রতিষ্ঠানের যোগ্যতার ন্যূনতম বিবরণ দেয়া আছে। এছাড়াও, আগ্রহী প্রতিষ্ঠানের জন্য আবেদন পদ্ধতি বর্ণনা করা হয়েছে।

প্রকল্প প্রস্তাবনা জমাদানের শেষ তারিখঃ ১৪ জুলাই, ২০২৪

বিশেষ নির্দেশনা:

ক. আবেদনের সাথে সম্পর্কিত সমস্ত কার্যকলাপ বিবিডিএন এর নীতি এবং পদ্ধতি অনুসারে পরিচালিত হবে।

খ. আবেদনে কোন মিথ্যা/ভুল বা জাল নথি/তথ্য জমা দিলে তা অযোগ্য বলে বিবেচিত হবে।

গ. বিবিডিএন এবং এবিএফ যেকোন কারণে যেকোন আবেদন গ্রহণ বা প্রত্যাখ্যান করার অধিকার সংরক্ষণ করে।

তথ্য নির্দেশিকা

অনুচ্ছেদ ক

পটভূমি

বাংলাদেশে সকল ব্যক্তি, বিশেষ করে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য অন্তর্ভুক্তিমূলক কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ (TVET) প্রদান ও গ্রহণের ক্ষেত্রে অনেক চ্যালেঞ্জ দেখা যায়। এই চ্যালেঞ্জগুলো মোকাবেলা করার জন্যে এবং শ্রমশক্তির মধ্যে নারী, প্রতিবন্ধী ব্যক্তি, জাতিগত সম্প্রদায় এবং অন্যান্য প্রান্তিক গোষ্ঠীর উপস্থিতি বাড়ানোর উদ্দ্যেশ্যে, আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) এর সহযোগিতায় বাংলাদেশ বিজনেস এন্ড ডিসএবিলিটি নেটওয়ার্ক (বিবিডিএন) “বিল্ডিং জেন্ডার রেস্পন্সিভ এন্ড ইনক্লুসিভ টিভেট সিস্টেম ইন বাংলাদেশ ফর ক্রিয়েটিং ইনক্লুসিভ ইমপ্লয়মেন্ট অপরচুনিটিস ফর পার্সন্স উইথ ডিসএবিলিটিস (প্রোগ্রেস)” শীর্ষক প্রকল্পটি বাস্তবায়ন করছে। প্রোগ্রেস-এর উদ্দেশ্য হল দক্ষতা উন্নয়ন নীতি সংস্কার,ও জেন্ডার সমতার ভিত্তিতে কারিগরি শিক্ষা ও এন্টারপ্রাইজ ডেভলপমেন্ট সিস্টেমকে কৌশলগতভাবে অন্তর্ভুক্তিমূলক করা। এছাড়াও দক্ষতা উন্নয়ন কর্মসূচির মাধ্যমে বাংলাদেশে ১০টি জেলায় প্রতিবন্ধী ব্যক্তি ও নারীর অর্থনৈতিক ক্ষমতায়নে অবদান রাখা।

প্রকল্পভুক্ত জেলা

চট্টগ্রাম, বান্দরবান, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, ময়মনসিংহ, দিনাজপুর, রাজশাহী, খুলনা, বরিশাল ও সিলেট।

প্রকল্পের উদ্দেশ্যঃ

উদ্দেশ্য ১: প্রতিবন্ধী ব্যক্তিদের দক্ষতা উন্নয়ন, কর্মসংস্থান এবং ব্যবসার উদ্যোগ গ্রহনের ক্ষেত্রে ন্যায্য সুযোগের উপযোগী নীতি সংস্কার, কর্মসূচি ও বাজেট প্রণয়ন।

উদ্দেশ্য ২: নির্বাচিত এলাকাগুলোতে দক্ষতা উন্নয়ন কর্মসূচি ও এন্টারপ্রাইজ ডেভলপমেন্ট ক্ষেত্রে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য চ্যালেঞ্জ এবং সুযোগের মূল্যায়ন।

উদ্দেশ্য ৩: অংশীদারদের (সরকারি প্রতিষ্ঠান, কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ কেন্দ্র এর প্রশিক্ষক, নিয়োগকর্তা ও শ্রমিকদের সংগঠন ইত্যাদি) মধ্যে প্রতিবন্ধিতা বিষয়ে সক্ষমতা ও সচেতনতা বৃদ্ধি।

উদ্দেশ্য ৪: বিবিডিএন এর প্রতিষ্ঠিত নেটওয়ার্ক ব্যবহার করে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য প্রবেশগম্য, অন্তর্ভুক্তিমূলক, টেকসই এবং পরিবেশ বান্ধব প্রশিক্ষণ, কর্মসংস্থান এবং আত্ম-কর্মসংস্থানের সুযোগ বিকাশে সহায়তা করা।

উদ্দেশ্য ৫: প্রতিবন্ধী ব্যক্তিদের বিশেষ করে প্রতিবন্ধী নারীদের সাফল্যের গল্প বিভিন্ন অংশীদার পর্যায়ে তুলে ধরে সমাজের পরিবর্তনে অনুপ্রাণিত করা।

কার্যক্রম সময়কাল

চুক্তির দিন হতে অক্টোবর, ২০২৫

প্রস্তাবিত কার্যক্রম

- প্রতিবন্ধী শিক্ষার্থী শনাক্তকরণ এবং প্রত্যেকটি জেলার সরকারি কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ কেন্দ্রে ন্যূনতম ৬০ জন (যার অর্ধেক অর্থ্যাৎ ৩০ জন নারী) প্রতিবন্ধী শিক্ষার্থীর অংশগ্রহণ নিশ্চিত করা এবং শিক্ষার্থীদের সুবিন্যস্ত তালিকা (লিঙ্গ-বয়স-প্রতিবন্ধিতার ধরণ) প্রস্তুত করা।
- সচেতনতা বৃদ্ধির প্রচারাভিযানে স্থানীয় প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠন (ওপিডি)-এর কার্যকর অংশগ্রহণ করা, বাড়িভিত্তিক পরিদর্শন ও অভিভাবকদের সাথে পরামর্শ করার পাশাপাশি কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ কেন্দ্রের সাথে নিয়মিত যোগাযোগ করা।
- বিদ্যমান সরকারি ও বেসরকারি পরিষেবাগুলোর সাথে সংযোগের মাধ্যমে প্রশিক্ষণ, অর্থ, এবং অন্যান্য সহায়তা সেবা পেতে প্রতিবন্ধী শিক্ষার্থীদের সহায়তা করা।
- জেলার অন্যান্য প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠন সাথে সমন্বয় করা এবং তথ্য সরবারহ করে প্রকল্পের সাথে যুক্ত করা।
- স্থানীয় নিয়োগকর্তাদের সাথে কর্মসংস্থানের জন্য যোগাযোগ করা এবং চাকুরী মেলাতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করা

প্রকল্প বাস্তবায়নে ওপিডির অবশ্য করণীয়

- ন্যূনতম ৬০ জন (৫০ % নারী) প্রতিবন্ধী শিক্ষার্থী শনাক্তকরণ ও কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ কেন্দ্রের কর্মসূচিতে অন্তর্ভুক্তি নিশ্চিত করা।
- প্রতিবন্ধী শিক্ষার্থীদের সুবিন্যস্ত তালিকা (লিঙ্গ-বয়স-প্রতিবন্ধিতার ধরণ) তৈরি করা।
- প্রতিবন্ধী শিক্ষার্থীদের বাড়ি পরিদর্শন ও অভিভাবকদের সাথে পরামর্শ এবং বিভিন্ন অংশীদারের সাথে যোগাযোগ করে সকল পরিষেবা নিশ্চিত করা এবং সকল কাজের মাসিক রিপোর্ট প্রদান।
- সচেতনতামূলক ক্যাম্পেইনে অংশগ্রহণ এবং প্রকল্প শেষে পূর্নাঙ্গ প্রতিবেদন প্রদান করা

অনুচ্ছেদ খ

যোগ্যতার মানদণ্ড (ন্যূনতম যোগ্যতাসমূহ)

আগ্রহী প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠনদের এই ন্যূনতম মানদণ্ডগুলো নিশ্চিত করার জন্য অনুরোধ করা হচ্ছে। যে আবেদনগুলো এই মানদণ্ডগুলো পূরণ করে না তা সরাসরি বাতিল বলে গণ্য হবে। আগ্রহী প্রতিষ্ঠানগুলোকে মানদণ্ডের প্রমাণ হিসেবে নিম্নলিখিত কাগজগুলো দেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে।

- প্রতিষ্ঠানের সাধারণ পরিষদে ন্যূনতম ৫১% প্রতিবন্ধী ব্যক্তি থাকতে হবে

- প্রকল্পভুক্ত যে কোন একটি জেলায় কমপক্ষে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে
- আইনি প্রমাণ/দলিল: এনজিও অ্যাফেয়ার্স ব্যুরো, সমাজসেবা, যুব উন্নয়ন, মহিলা বিষয়ক, সমবায়, যৌথ মূলধন কোম্পানি কর্তৃক বৈধ নিবন্ধন (প্রযোজ্য ক্ষেত্রে)

- ক্ষুদ্র অনুদান পরিচালনা করার জন্য যথাযথ আর্থিক নীতি ও পদ্ধতি থাকতে হবে

আবেদন পদ্ধতি

আপনি যদি নিশ্চিত হন যে, আপনি উপরের যোগ্যতা এবং প্রয়োজনীয়তাগুলো পূরণ করেছেন, অনুগ্রহ করে নিচের কাগজসমুহ (বাংলা অথবা ইংরেজি ভাষায়) dpoabf@gmail.com info@bbdn.com.bd (copy) ইমেইলে জমা দেয়ার জন্য অনুরোধ করা হচ্ছে। আবেদনের বিষয়ে আরও তথ্য জানতে হলে ০১৩২৪৪৪৪৯৫২ নম্বরে যোগাযোগ করুন।

১) সাংগঠনিক প্রোফাইল

আগ্রহী প্রতিষ্ঠানগুলোকে তাদের সক্ষমতা বর্ণনার অংশ হিসেবে, একটি বিস্তারিত সাংগঠনিক বিবরণ জমা দিতে হবে। এই অংশে বিভিন্ন সংস্থার সাথে আগে পরিচালিত অনুরূপ কাজের কমপক্ষে ২ টি নমুনা উল্লেখ করতে হবে। বিবরণটি Microsoft Word/PDF ফরম্যাটে জমা দিতে হবে।

২) প্রকল্প প্রস্তাবনা

আগ্রহী প্রতিষ্ঠানগুলোকে আবেদনের সাথে প্রকল্পের পটভূমি, কর্ম এলাকায় প্রকল্পের উপযুক্তকতা, কার্যক্রম বাস্তবায়ন কৌশল, কর্মপরিকল্পনা উল্লেখপূর্বক একটি প্রস্তাবনা Microsoft Word/PDF ফরম্যাটে জমা দিতে হবে।

৩) আর্থিক প্রস্তাবনা

আগ্রহী প্রতিষ্ঠানগুলোকে আবেদনের সাথে কার্যক্রম অনুযায়ী বাজেট প্রস্তুত করে Microsoft Word/Excel/PDF ফরম্যাটে জমা দিতে হবে।

৪) প্রতিষ্ঠানের নিবন্ধন সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)

৫) সর্বশেষ অনুমোদিত সাধারণ পরিষদের তালিকা